গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা

# ২০তম সভার কার্যবিবরণী


| | |
|---|---|
| সভাপতি | খালেদ মামুন চৌধুরী এনডিসি<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) শ্রম অধিদপ্তর ও সভাপতি কার্যক্রম বাস্তবায়ন কমিটি। |
| সভার তারিখ | ২৪/০৫/২০২২ খ্রি. |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ (লিফট এর ১৯), শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা। |
| উপস্থিতি | তালিকা পরিশিষ্ট ‘ক’তে- সংযুক্ত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি “রপ্তানিমুখী তৈরি পোশাক, চামড়াজাত পণ্য ও পাদুকা শিল্পের কর্মহীন হয়ে পড়া ও দুঃস্থ শ্রমিকদের সামাজিক সুরক্ষা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০২০” এর সফল বাস্তবায়নে বৈধ উপকারভোগীর সংখ্যা বৃদ্ধিকরণে সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করার আশাবাদ ব্যক্ত করে বক্তব্য রাখেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোঃ আবু আশরীফ মাহমুদ ২০তম PIC সভার প্রণীত কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভার শুরুতেই ১৯তম PIC সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সামাজিক সুরক্ষা নীতিমালার সংশোধন এর গেজেট কবে হতে পারে সভায় ইউরোপীয় ইউনিয়ন এর প্রতিনিধি মিজ ভেলেন্টিনার এমন প্রশ্নের পরিপ্রেক্ষিতে সদস্য সচিব জানান, নীতিমালা সংশোধনের ফাইল মতামতের জন্য অর্থ মন্ত্রণালয়ে রয়েছে। শীঘ্রই বর্ণিত সংশোধিত নীতিমালার গেজেট প্রজ্ঞাপন জারি হতে পারে। অত:পর সভায় নগদ সহায়তা প্রদানযোগ্য তৈরি পোশাক সংশ্লিষ্ট শিল্প সংগঠন BKMEA এর আওতাভুক্ত নতুন ১৩৪ জন উপকারভোগীর তালিকা অনুমোদন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অদ্য সভার আলোচ্যসূচীমতে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। | নগদ সহায়তার জন্য উপকারভোগীর তথ্য ভেরিফিকেশন ও অনুমোদন | সভার এ পর্যায়ে কমিটির সদস্য সচিব তৈরি পোশাক সংশ্লিষ্ট শিল্প সংগঠন BKMEA কর্তৃক নতুন উপকারভোগীদের ভেরিফাইড তথ্য উপস্থাপন করেন। এতে দেখা যায়, BKMEA’র আওতাধীন ৪টি কারখানার ১৩৪ জন নতুন কর্মহীন শ্রমিকের তথ্যাদি শিল্প সংগঠন কর্তৃক ভেরিফিকেশন পূর্বক আপলোড হয়ে PIC সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। অতঃপর সভায় উক্ত ১৩৪ জন উপকারভোগীর তথ্য PIC’র সদস্যগণ অনুমোদন করতে একমত পোষণ করেন। | সভায় BKMEA’র ১৩৪ জন বৈধ কর্মহীন শ্রমিককে বর্ণিত সামাজিক সুরক্ষা কার্যক্রমের আওতায় নগদ সহায়তা প্রদান করার জন্য অনুমোদন করা হলো। |

| | | | |
|---|---|---|---|
| ২। | অনুমোদিত ১৩৪ জন উপকারভোগীর নগদ সহায়তার জন্য বিবেচ্য মাস | সভায় অনুমোদিত ১৩৪ জন উপকারভোগীকে কোন মাসের সহায়তা প্রদান করা হবে এমন প্রসঙ্গ উত্থাপিত হলে BKMEA প্রতিনিধি জানান, তার সংঠনের বর্ণিত শ্রমিকগণ ডিসেম্বর, ২০২১ এর পূর্ব থেকেই কর্মহীন রয়েছে এবং তাদের তথ্য সংগ্রহপূর্বক যাচাই-বাছাই করে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। এ মোতাবেক জানুয়ারি, ফেব্রুয়ারি ও মার্চ, ২০২২ এর আওতায় নগদ সহায়তা প্রদান করা যেতে পারে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। সভায় ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিসহ উপস্থিত সকলেই তাঁর প্রস্তাবে একমত পোষণ করেন। | ১৩৪ জন উপকারভোগীকে জানুয়ারি, ফেব্রুয়ারি ও মার্চ, ২০২২ পর্যন্ত এই ৩ মাসের নগদ সহায়তা প্রদান করা হবে। |
| ৩। | অপারেশনাল বাজেট অনুমোদন নীতিমালা সংশোধনের গেজেট প্রকাশ ও | কমিটির সদস্য সচিব জনাব মোঃ আবু আশরীফ মাহমুদ উক্ত দুটি বিষয়ের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান, সামাজিক সুরক্ষা কার্যক্রমের ২০২১-২২ অর্থবছরের জন্য ৩৩ লক্ষ ৫০ হাজার টাকার অপারেশনাল বাজেট ০৭.০০.০০০০.১১৩.২০.০১২.২০৫৪ স্মারকে অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। তবে বর্ণিত বাজেটে PIC সদস্যগণের সম্মানী অনুমোদিত হয়নি। অত:পর ইউরোপীয় ইউনিয়ন এর প্রতিনিধি মিজ ভেলেন্টিনা বলেন, ২০২২-২৩ অর্থবছরের বাজেট বরাদ্দের জন্য ৩০ মে, ২০২২ এর মধ্যে পত্র প্রেরণ করা প্রয়োজন। সভার সকলেই তাঁর সাথে একমত পোষণ করেন।<br><br>এ পর্যায়ে সদস্যসচিব জানান, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিতব্য নীতিমালা সংশোধনের গেজেট প্রকাশের নিমিত্ত সংশোধনের বিষয়ে মতামতের জন্য ফাইল অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম শাখা সূত্রে জানা যায়। বর্ণিত নীতিমালা সংশোধনের গেজেট ৩০ জুনের মধ্যে প্রকাশের বিষয়ে নিয়মিত ফলোআপ করার প্রয়োজনীয়তা সম্পর্কে সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | ক) ২০২২-২৩ অর্থবছরের বাজেট বরাদ্দের জন্য ৩০ মে, ২০২২ এর মধ্যে পত্র প্রেরণ করা হবে।<br><br>খ) ৩০ জুন, ২০২২ এর মধ্যে নীতিমালা সংশোধনের গেজেট প্রকাশের বিষয়ে নিয়মিত ফলোআপ করা হবে। |

সভাপতি সামাজিক সুরক্ষা কার্যক্রমটিকে আরও সুদূরপ্রসারী করার আশাবাদ ব্যক্ত করে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলের অংশগ্রহণ ও মতামত প্রদানের জন্য বিশেষ ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



খালেদ মামুন চৌধুরী এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব) শ্রম অধিদপ্তর
ও সভাপতি কার্যক্রম বাস্তবায়ন কমিটি।

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৭.১৬.০০২.২০.১১৬

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৯
২৫ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) বেগম শামসুন নাহার, মাননীয় সংসদ সদস্য (নির্বাচনী এলাকা ৩১৩, মহিলা আসন ১৩),

২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর

৩) অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব), অতিরিক্ত মহাপরির্দশকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৪) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬) উপসচিব, শ্রম শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৭) পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর

৮) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর

৯) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা,

১০) অডিও ভিজুয়্যাল অফিসার, উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান শাখা, শ্রম অধিদপ্তর

১১) সভাপতি, বিজিএমইএ,

১২) সভাপতি, বিকেএমইএ,

১৩) সভাপতি, এলএফএমইএবি,

১৪) চেয়াম্যান, বিএফএলএলএফইএ,

১৫) জনাব এ এন এম সাইফুদ্দিন, পরিচালক, বিজিএমইএ,

১৬) জনাব এ.কে.এম মামুনুর রশিদ, যুগ্ম সচিব, (এসডিপি) (বিজিএমইএ),

১৭) জনাব ফজলে শামীম এহসান, সাবেক সহ সভাপতি (বিকেএমইএ),

১৮) জনাব কাজী রওশন আরা, নির্বাহী পরিচালক (এলএফএমইএবি),

১৯) জনাব মোঃ জয়নাল আবেদীন, সচিব (বিএফএলএলএফইএ),

২০) Mr. Koen Everaert, Second Secretary/Team Leader, Food and Nutrition Security and Sustainable Development of the European Union to Bangladesh,

২১) LUCCHESE Iole Valentina, Program Manager, Social Protection (EEAS-DHAKA),

২২) Ms. Kishower Amin, Program Manager, European Union,

২৩) Ms. Ishrat Shabnam, Proramme Manager, Private sector,

২৪) Ms. Rosalynn Khan, Project Coordinator, KFW,

২৫) Sheikh Mahmudul Hasan, Advisor, Development Cooperation, Embassy of the Federal Republic of Germany, Dhaka,

২৬) Ms. Shaila Rahman, Consultant (Social Security Reforms in Bangladesh),

২৭) সহকারী পরিচালক, সাধারণ শাখা, শ্রম অধিদপ্তর

২৮) সহকারী পরিচালক , তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল , শ্রম অধিদপ্তর (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)

২৯) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম অধিদপ্তর

৩০) জনাব সিরাজুল ইসলাম রনি, সভাপতি, বাংলাদেশ জাতীয় গার্মেন্টস শ্রমিক কর্মচারী লীগ,

৩১) জনাব আবুল কালাম আজাদ, সভাপতি, ট্যানারি শ্রমিক ইউনিয়ন,

৩২) অফিস কপি।

আবু আশরীফ মাহমুদ
পরিচালক